14

দৈনিক সংবাদ

তারিখ 06 SEP 1994
পৃষ্ঠা ७ কলাম ৫

# ২০টি গ্রাম নিরক্ষরতা মুক্তি

'স্বনির্ভর বাংলাদেশ'-এর উদ্যোগে সারাদেশের ২০টি গ্রামকে নিরক্ষরতামুক্ত করা হয়েছে। আগামী ৮ই সেপ্টেম্বর আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবসে ঐ ২০টি গ্রামকে সরকারী পর্যায়ে আনুষ্ঠানিকভাবে 'নিরক্ষরতামুক্ত' ঘোষণা করা হবে।

নিরক্ষরতামুক্ত এই ২০টি গ্রাম হচ্ছে ঃ জামালপুর জেলার মেলান্দহ থানার চংদারিয়া, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া থানার বাগাপাড়া, টাঙ্গাইল জেলার ভূয়াপুর থানার কষ্টাপাড়া, বাশাইল থানার যশী-

গ্রাম ঃ পৃঃ ১০ কঃ ৬

## গ্রাম ঃ নিরক্ষরতামুক্ত

( ১ম পৃষ্ঠার পর )

হাটি, ঢাকা জেলার ধামরাই থানার পাল্লী, গোপালগঞ্জ জেলার মুকসুদপুর থানার রামকৃষ্ণপুর, মৌলভী বাজার জেলার কমলগঞ্জ থানার উত্তর ব্যলিগাঁও, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার লাউতলী, ফেনী জেলার দাগনভূইয়া থানার পূর্ব হীরাপুর, চট্টগ্রাম জেলার মীরেশ্বরাই থানার পশ্চিম মায়ানী বড়ুয়াপাড়া, লক্ষীপুর জেলার সদর থানার চরশাহী, পঞ্চগড় জেলার সদর থানার পেল কুজোত, গাইবান্ধা জেলার সদর থানার বকশীপাড়া, কুড়িগ্রাম জেলার উলিপুর থানার নতুন অনন্তপুর, নাটোর জেলার পাঁচবিবি থানার রুন্নীহালি, চুয়াডাঙ্গা জেলার সদর থানার হাজরাহাটি, মাগুরা জেলার সদর থানার বজরুক শ্রীকুন্ডি, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ থানার কিহমত জামুয়া, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ থানার কেওয়াবুনিয়া এবং বরিশাল জেলার আগৈল ঝরা থানার ডুমুরিয়া।

এই গ্রামগুলোর সকল নিরক্ষর মানুষ এখন পড়তে পারে, সাধারণ যোগ-বিয়োগ ও ভাগ অংক কষতে পারে। স্বনির্ভর বাংলাদেশ-এর উদ্যোগে গত ৫ মাস যাবৎ স্বেচ্ছাশ্রমের মাধ্যমে এসব গ্রামে নিরক্ষর নারী-পুরুষদের লেখাপড়া শেখানো হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।